



জাপানে চাকরি পেয়েছে ৯ ইউআইইউ শিক্ষার্থী

জাপানের বিশ্বখ্যাত কোম্পানি হিউম্যান রিসোসিয়া কোম্পানিতে চাকরির সুযোগ পেয়েছেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৯ জন শিক্ষার্থী। ক্যাম্পাসে সরাসরি পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে এসব শিক্ষার্থীকে নিয়োগ দেয়া হয়। জাপানের স্বনামধন্য প্রতিষ্ঠান ভেনচুরাস লিমিটেড সরাসরি নিয়োগ পরীক্ষার আয়োজন করে। ৫১ জন শিক্ষার্থীর মধ্য থেকে ৬ জনকে ইন্টারভিউ শেষে তাৎক্ষণিক নিয়োগপত্র দেয়া হয়। বাকি তিনজন গ্র্যাজুয়েট অনলাইনে কারিগরি পরীক্ষা শেষে নিয়োগ পান। নিয়োগ প্রক্রিয়ার অংশ হিসেবে সম্প্রতি 'ডিস্ট্রিবিউটিং' শীর্ষক সেমিনারের আয়োজন করে ইউআইইউ সিএসই বিভাগ। এতে উপস্থিত ছিলেন ভেনচুরাস লিমিটেডের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী উরিকো উতা ও ইউআইইউ ডিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। বিজ্ঞপ্তি।